# সংকটে পড়ে জামায়াতের কোনো নেতা দেশ ছেড়ে পালিয়ে যায়নি : জামায়াত আমির



জামায়াত আমির: সংগৃহীত ছবি

জাতির কঠিন সময়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কোনো নেতা কখনও দেশ ছেড়ে পালিয়ে যাননি বলে মন্তব্য করেছেন দলটির আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (২৫ জুলাই) সকালে ঢাকা মহানগর দক্ষিণ জামায়াত আয়োজিত রুকন সম্মেলনে এই মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, "দলীয় বা জাতীয় সংকটকালেও জামায়াতের কোনো নেতা পালিয়ে যায়নি। আমাদের কোনো নেতাকর্মীর বিরুদ্ধে ভিন্ন ধর্মাবলম্বীদের সম্পদ দখল বা নির্যাতনের অভিযোগ নেই—এটাই আমাদের আদর্শিক দৃঢ়তার প্রমাণ।"

নারীর অধিকারের বিষয়ে তিনি বলেন, “ইসলামে নারীদের যে সম্মান ও মর্যাদা দেওয়া হয়েছে, তা অন্য কোনো ধর্মে নেই। কেউ কেউ বলে কোরআনের আইন চালু হলে নারীরা ঘর থেকে বের হতে পারবে না—এটি ভিত্তিহীন ও বিভ্রান্তিকর। জামায়াত ইসলামী এমন একটি সমাজ গঠনে কাজ করে, যেখানে নারীরা নিরাপদ পরিবেশে শিক্ষা, চাকরি ও ব্যবসায় অংশ নিয়ে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারবে।”

সম্মেলনে দলীয় ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে জামায়াত আমির বলেন, “জামায়াতে ইসলামী অলীক কল্পনায় নয়, বরং বাস্তব পরিবর্তনের স্বপ্ন দেখে। জনগণের সঙ্গে নিয়ে সব বাধা অতিক্রম করে আমরা বিজয়ের পথে এগিয়ে যেতে চাই। আসন্ন নির্বাচনে ধৈর্য, পরিশ্রম ও সাহসিকতার সঙ্গে সংগঠনকে সুসংগঠিত করে আমরা অংশ নেব।”